

## GCSE BENGALI

# H

Higher Tier Paper 1 Listening Test Transcript

---

Time allowed: 45 minutes approximately  
(including 5 minutes' reading time before the test)

**FOR INVIGILATOR'S USE ONLY**

**The pauses are pre-recorded for this test.**

This is what you should do for each item.

- After the question number is announced, there will be a pause to allow you to read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again, and then answer the questions.
- When the next question is about to start you will hear a bleep like this (\*).
- You may write at any time during the test.
- In **Section A**, answer the questions in **English**. In **Section B**, answer the questions in **Bengali**.
- You must answer **all** the questions in the spaces provided. Do **not** write outside the box around each page or on blank pages.
- Write neatly and put down **all** the information you are asked to give.
- **Ask any questions now. You must not ask questions or interrupt during the test.\***
- You now have five minutes to read through the question paper. You may make notes during this time. You may open your answer book now.
- **The test starts now.**

Once the test has started, the invigilator must not pause it **at any time** as all pauses, including the five minutes' reading time, are pre-recorded.

\*If candidates ask any questions at this point, the invigilator should pause the recording until the questions have been answered. The recording should then be restarted.

## Section A

## Questions and answers in English.

- 0 1** **F1** আমি মনে করি স্কুলের বই ব্যবহারের কিছু ভালো ও মন্দ দিক আছে। নতুন বইয়ের সুবাস ও পাতা উলটিয়ে পড়ার আনন্দ বেশ সুখের। তবে বারবার পড়ার পর যখন পাতাগুলো ময়লা হয়ে যায় তখন কষ্ট লাগে।
- 0 2** **M2** বই ভর্তি করলে স্কুলের ব্যাগটা অনেক ভারী হয়ে যায়। তবে বইয়ের পাতায় পাতায় নোট লিখে রাখতে পারা বেশ কাজে লাগে।
- 0 3** **F2** বিজ্ঞানীরা বলছেন, যদি আমরা একটা মাফিন খাই, তাহলে এর থেকে পাওয়া ক্যালোরি খরচ করতে ঘন্টায় আট কিলোমিটার বেগে পঁচিশ মিনিট দৌড়াতে হবে। সেই হিসেবে এক ক্যান চিনিযুক্ত কোমল পানীয়ের জন্য তেরো মিনিট, এক বাটি সিরিয়াল খেলে ষোলো মিনিট, একটি চকলেট বার খেলে বাইশ মিনিট, আর একটি চিকেন স্যান্ডউইচ খেলে বিয়াল্লিশ মিনিট দৌড়াতে হবে।
- 0 4** **M1** আমরা এই এলাকার রাস্তায় পানি জমে থাকার সমস্যা দূর করতে কাজ করে যাচ্ছি। ড্রেইনে জমে থাকা ময়লা, পলিথিন এসব আমরা আগেই পরিষ্কার করেছিলাম। এখন ড্রেইনগুলো চওড়া করা হচ্ছে। আগামীতে বড়ো ড্রেইনগুলোকে নদীর সাথে সংযোগ দেওয়া হবে।
- 0 5** **F1** হ্যালো, আমি নার্গিস। ভূগোল বা ইতিহাস নিয়ে লেখাপড়ায় আমার তেমন একটা আগ্রহ নেই। আমার আগ্রহ পরিবেশবিজ্ঞান নিয়ে পড়ার। আমি ঠিক করেছি এই বিষয়ে লেখাপড়া করবো।
- 0 6** **M2** হ্যালো, আমি সোহেল। ব্যবসা বা বিজ্ঞান, এসব বিষয় আমার কঠিন লাগে। হাতে-কলমে কাজ শেখা আমি উপভোগ করি। কারিগরি জ্ঞান শেখায় এমন একটা কলেজে পড়বো বলে আমি ঠিক করেছি।
- 0 7** **F2** এবারের 'সামার ক্যাম্প'-এর বিশেষ আয়োজন গল্প লেখা ও নতুন একটি ভাষা শেখার সুযোগ। কয়েকজন লেখক ও ভাষা-শিক্ষক ক্যাম্পসাইটে তোমাদের এ বিষয়ে ট্রেনিং দেবেন। আর গতবারের সবচেয়ে জনপ্রিয় সাঁতার শেখা তো আছেই। অবশ্য নৌকা চালানো ও মাছ ধরার ব্যবস্থা সামনের বছরের ক্যাম্পিং-এ রাখা হবে। আর গত বছরের রোলার স্কেটিং এবার নেই।
- 0 8** **F1** আচ্ছা রেনু, রাস্তায় একা চলাফেরা করতে তোমার ভয় করে না?
- F2** না তো, আমি সবসময় সতর্ক থাকি, আর আমি বিপদে পড়লে সাহায্যের জন্য আমার সাথে আছে একটি ডিভাইস, যার নাম 'কাকতাড়ুয়া'। এটির কারণে আমি নিজেকে নিরাপদ ভাবি।

- 0 9** **F1** তাই! কী এই ‘কাকতাড়ুয়া’?
- F2** এটি আমার মালার সাথে লাগানো একটি ডিভাইস। এতে একটি বোতাম আছে। বিপদে পড়লে এটিতে চাপ দিলে মুহূর্তেই সাহায্যের জন্য ম্যাসেজ চলে যায় আমার আপনজনের কাছে।
- 1 0** **F1** দারুণ তো, কই, দেখি তোমার ‘কাকতাড়ুয়া’! অদ্ভুত! এ তো একটি পয়সার সমান। আমি তো ভেবেছিলাম অন্তত একটি মোবাইল ফোনের সমান হবে।
- 1 1** **M1** প্রিয় শ্রোতা, এই মুহূর্তে আপনার গন্তব্য যদি হয়ে থাকে ঢাকার মতিঝিল, তাহলে আপনাকে তীব্র এক যানজটে আটকে থাকতে হবে। আর আপনি যদি বনানী বা উত্তরা-র দিকে রওনা হয়ে থাকেন তাহলে মাঝে মাঝে সামান্য জটলা থাকলেও সময়মতোই পৌঁছে যাবেন।
- 1 2** **M1** প্রিয় শ্রোতা, দেশের ভেতর বিমানযাত্রার জন্য আপনি যদি বিমানবন্দরের দিকে রওনা করে থাকেন, তাহলে মনোযোগ দিয়ে শুনুন। সকল বিমান যথাসময়ে ছেড়ে যাওয়ার কথা থাকলেও সিলেটগামী দিনের একমাত্র বিমানযাত্রা দেরি হবে।
- 1 3** **M1** প্রিয় শ্রোতা, দুঃখের সাথে রেলযাত্রীদের জানাচ্ছি যে, ঢাকা থেকে চট্টগ্রামগামী বিকাল তিনটার ট্রেন বাতিল করা হয়েছে। বিকল্প যাত্রার জন্য যাত্রীদের এখনই যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে।
- 1 4** **F1** এবারের চলচ্চিত্র উৎসব মনে হলো খুব তাড়াছড়ো করে আয়োজন করা হয়েছে। অনেকেই এ উৎসবের ব্যাপারে অবগত ছিলেন না। আমি মনে করি দর্শকের পছন্দকেও উপেক্ষা করা হয়েছে।
- 1 5** **M2** এবারের চলচ্চিত্র উৎসবে আমি অনেক দেশের চলচ্চিত্র দেখার সুযোগ পেলাম। আমার মতে বিভিন্ন দেশের ছেলেমেয়েদের জীবনমুখী চলচ্চিত্রগুলো ছিলো উপভোগ করার মতো। এতে তাদের জীবনের বাস্তবতা ফুটে উঠেছে।
- 1 6** **F2** আমার কাছে দুঃসাহসিক ছায়াছবিগুলো দেখা ছিলো দারুণ অভিজ্ঞতা। গোয়েন্দা কাহিনীর চলচ্চিত্রগুলোও মন্দ না। আর তথ্যচিত্রগুলো অন্তর্ভুক্ত না করলেই ভালো হতো।
- 1 7** **M1** আমার তো একটা হাসির ছবি দেখতে গিয়ে সে কী অবস্থা! হাসতে হাসতে যে চোখে জল আসতে পারে, ছোটোদের এই চলচ্চিত্র না দেখলে আমি বুঝতেই পারতাম না।
- 1 8** **F1** আমি জানি যে জিসিএসই পরীক্ষার্থীরা তাদের পরীক্ষার প্রস্তুতির অংশ হিসেবে নিয়মিত লেখাপড়া চালিয়ে যাচ্ছে। পরীক্ষার প্রস্তুতিতে তাদের বাড়তি সহায়তা দিতে ও পরীক্ষায় ভালো ফল পেতে সাহায্য করার জন্য প্রতি শনিবার স্কুলে লেসনের ব্যবস্থা করা হয়েছে। সেই সাথে সিক্সথ ফর্মের শিক্ষার্থীরা যারা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তির প্রস্তুতি নিচ্ছে, তারাও শনিবারের লেসনগুলোতে স্বেচ্ছাসেবী হিসেবে জিসিএসই পরীক্ষার্থীদের লেখাপড়ায় সাহায্য করতে পারবে। এই অংশগ্রহণ সিক্সথ ফর্মের শিক্ষার্থীদের পরীক্ষার প্রস্তুতিতে সাহায্য করবে ও এটি তারা তাদের বিশ্ববিদ্যালয়ে ভর্তির আবেদনে একটি অভিজ্ঞতা হিসেবে উল্লেখ করতে পারবে।

Turn over ►

- 1 9 M1** বাংলাদেশে মাধ্যমিক স্কুলের কারিকুলামে পরিবর্তন আনার পরিকল্পনা করা হয়েছে। এর ফলে নবম-দশম শ্রেণিতে শিক্ষার্থীরা হিউম্যানিটিস, বিজ্ঞান ও ব্যবসা শিক্ষা এই তিনটি বিভাগে আর আলাদাভাবে লেখাপড়া না করে একই বিভাগে পড়বে। এটি মাধ্যমিক শিক্ষার্থীদের সকল ধরনের প্রয়োজনীয় জ্ঞান লাভের সুযোগ করে দেবে। তবে স্কুলগুলোতে উপযুক্ত ট্রেনিংপ্রাপ্ত শিক্ষকের অভাব দেখা দিতে পারে।
- 2 0 F2** আমি সায়রা বলছি। তোমার শিক্ষক যদি তোমাকে কখনও ক্লাসে অস্থিরভাবে নড়াচড়া বা ফিজিটিং-এর জন্য কিছু বলে থাকেন, তাহলে একটু মনোযোগ দিয়ে শোনো। এই ছটফটে স্বভাবের খারাপ দিকের পাশাপাশি কিন্তু বেশ কিছু ভালো দিকও আছে।
- M2** আমি জুবায়ের। আমি জানি যে ফিজিটিং আমাদের মস্তিষ্ক আর শরীরকে সজাগ রাখে। এটি আমাদের চিন্তা করার ক্ষমতাও বাড়িয়ে দেয়। আমি মনে করি এতে করে কোনো কোনো ক্ষেত্রে বেশি মনোযোগ দেওয়া যায়।
- F1** আমি আদিবা। আমার মতে দুশ্চিন্তা কমাতেও ফিজিটিং-এর সাহায্য নেওয়া যায়। মানুষের মনকে শান্ত রাখতে এটি সাহায্য করে।
- 2 1 F1** সিলেটের আকর্ষণীয় জায়গাগুলো দেখতে আসুন আর সেই সাথে উপভোগ করুন আপনাদের জন্য চমৎকার সব আয়োজন। পানিতে অর্ধেক ডুবে থাকা গাছপালা দেখতে চলে আসুন রাতারগুল-এ। সেখানকার জলাশয় দেখে আপনি মুগ্ধ হওয়ার পাশাপাশি দাঁড় বেয়ে নৌকা চালিয়ে আনন্দ পাবেন। এছাড়াও আপনাদের জন্য আছে লালাখাল-এর স্বচ্ছ নীল পানির অপরূপ সব দৃশ্য ও লাউয়াছড়ার বিশেষ আকর্ষণ প্রাকৃতিক সংরক্ষিত বন। লালাখাল-এ আপনি বড়শি দিয়ে মাছ ধরা উপভোগ করতে পারবেন। এছাড়াও লাউয়াছড়ায় আপনি বনের পরিবেশ রক্ষার কার্যক্রমে অংশ নিতে পারবেন।
- 2 2 M1** আমি সোহেল। আমি আমার মা-বাবার সাথে থেকেই লেখাপড়া শেষ করেছি। বাড়ি ছেড়ে যাওয়ার কোনো ইচ্ছে না থাকলেও অন্য শহরে ভালো বেতনের চাকরি পাওয়ায় সেখানেই যেতে হচ্ছে। আমি এখনও বিয়ে করিনি।
- 2 3 F2** আমি লুনা। আমাদের বাড়িতে টাকা-পয়সার অভাব। মা-বাবার কথায় বিয়ে করতে হলো। ঠিক করেছি আবার লেখাপড়া শুরু করবো। বিদেশে তো যাওয়া হবে না, ভাবছি দেশেই একটা ভালো কাজ করবো।
- 2 4 M2** অলোক বলছি। আমি লেখাপড়া শেষ করে কাজ শুরু করেছি অনেকদিন হলো। টাকা জমিয়ে একটা বাড়ি কিনেছি। নতুন বাড়িতে মা-বাবা সাথেই আছেন। এখন তাদের পছন্দমতো বিয়ে করবো।

## Section B

## Questions and answers in Bengali.

- 2 5 M2** আমি টিপু বলছি। বাংলাদেশে একটি জনপ্রিয় বাহন রিকশা। তবে রিকশা চালানো বেশ পরিশ্রমের একটি কাজ। চালকের পরিশ্রম কমাতে অনেক রিকশাওয়ালাই এখন প্যাডেল চালানো রিকশাতে ব্যাটারি লাগিয়ে নিয়েছেন।
- F1** আমি মিলি বলছি। রিকশার চাহিদা থাকা সত্ত্বেও বিভিন্ন ঝুঁকি থাকার কারণে সরকার অনেক শহরেই ব্যাটারিচালিত রিকশা চলাচল বন্ধের ঘোষণা দিয়েছেন।
- 2 6 M1** অন্যান্য দিনের মতো এই সুপারমার্কেটে আমাদের দোকান সকাল নয়টা থেকে খোলা থাকলেও অনলাইনে শুক্রবার মধ্যরাত থেকে কম দামে কেনাকাটার সুযোগ থাকবে। এই কম দামে কেনাকাটার সুবিধা নতুন-পুরনো সকল অনলাইন কাস্টমারের জন্য।
- 2 7 M2** আমি নজরুল বলছি। দরিদ্রদের সহযোগিতা করার জন্য অনেকদিন ধরেই আমরা বন্ধুরা কিছু একটা করার সুযোগ খুঁজছিলাম। কখনও দান সংগ্রহ করা, কখনও খাবার বিতরণ করা এসবের কথা ভাবতে ভাবতে শেষে সিদ্ধান্ত নিলাম সেবামূলক সংগীতানুষ্ঠান আয়োজনের।
- F1** আমি শাহানা। প্রাণীদের প্রতি নিষ্ঠুর আচরণ আমাকে কষ্ট দেয়। মালিকানাহীন কুকুর-বিড়ালের দেখাশুনা করার জন্য আমি একটি জীবজন্তুর আশ্রয়স্থল সেবা-সংস্থায় শনি-রবিবার কাজ করি। আমি অন্যদিনগুলোতে বৃদ্ধাশ্রমে সময় দেই।
- 2 8 F2** আমি টিগান, একজন চীনা নাগরিক। বেইজিং বিশ্ববিদ্যালয়ে পড়তে গিয়ে আমি সাতটি ভাষার মধ্যে বাংলা ভাষাকে বেছে নিয়েছিলাম। মা আমাকে জাপানি ভাষা শিখতে বললেও তা শেখা হয়নি। আমি বাংলায় ডিগ্রি করেছি। ম্যান্ডারিন ছাড়াও, আমি ইংরেজি শিখেছি, তাই বাংলা শেখা আমার খুব একটা কঠিন লাগেনি। আমি এখন বাংলাদেশে চায়না মিডিয়া গ্রুপ-এর হয়ে কাজ করি। এই গ্রুপের 'বাংলা বিভাগ'-এ আমি অনুষ্ঠান উপস্থাপন করি। সেখানে অধিকাংশ অনুষ্ঠানই বাংলায় করা হয়। সেসব অনুষ্ঠানে আমরা চীনারা বাংলায় গান গাই, বিভিন্ন চাইনিজ রান্নার রেসিপি জানাই।

END OF TEST

**There are no questions printed on this page**

**There are no questions printed on this page**

---

**There are no questions printed on this page**

**Copyright information**

For confidentiality purposes, all acknowledgements of third-party copyright material are published in a separate booklet. This booklet is published after each live examination series and is available for free download from [www.aqa.org.uk](http://www.aqa.org.uk).

Permission to reproduce all copyright material has been applied for. In some cases, efforts to contact copyright-holders may have been unsuccessful and AQA will be happy to rectify any omissions of acknowledgements. If you have any queries please contact the Copyright Team.

Copyright © 2022 AQA and its licensors. All rights reserved.



2 2 6 G 8 6 3 8 / L H / T